

তারিখ: ২৫/০৬/২০২৩ খ্রি.

## ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে (রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে) রেজিস্ট্রেশন করতে ইচ্ছুক প্রার্থীকে আগামী ১৩/০৭/২০২৩ খ্রি. তারিখের মধ্যে Online-এ আবেদন করতে হবে। আবেদনের সময় ওয়েবসাইট: [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions) এর Masters Tab-এ গিয়ে Appky Now (Masters Perli. Private) অপশনে ক্লিক করে চাহিত সকল তথ্য এন্ট্রি দিতে হবে। এছাড়া পাসপোর্ট সাইজের রঙিন ছবি Scan করে (ছবির মাপ 120×150 pixels, image type: jpg এবং maximum file size: 50kb) আপলোড করত হবে। উল্লেখ্য যে, শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল করার ক্ষমতা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

### ১। আবেদন করার সময়সীমা:

- (ক) প্রিন্টকৃত আবেদন ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে জমাদানের তারিখ: ০৯/০৭/২০২৩ হতে ১৩/০৭/২০২৩ খ্রি.  
(খ) রেজিস্ট্রেশন ও তালিকাভুক্তি ফি বাবদ সর্বমোট ১,৪৫০/- (এক হাজার চার শত পঞ্চাশ) টাকা জমা দিতে হবে।

### ২। আবেদনের যোগ্যতা:

- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ২০১৬ থেকে ২০২০ সাল পর্যন্ত ৩ বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম নম্বর ৪৫% অথবা হেডিং/ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।  
(খ) স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় পঠিত রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে (৪০০ নম্বর সম্বলিত) সনাতন পদ্ধতিতে ন্যূনতম নম্বর ৪০% অথবা ন্যূনতম সিজিপিএ ২.০ পেতে হবে।  
(গ) প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল করে কারাবন্দীরাও আবেদন করতে পারবে।  
(ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

### ৩। কাগজপত্রাদি জমা দিতে হবে:

- (ক) এসএসসি, এইচএসসি এবং স্নাতক (পাস) পরীক্ষা পাশের মূল নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।  
(খ) স্নাতক (পাস) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।  
(গ) সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে- মূল নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।  
(ঘ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে- সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।  
(ঙ) "জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত অস্বীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে।

(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ২৫/০৬/২০২৩ খ্রি.

স্বাক্ষর- রাসক/

অনুলিপি: অবগতি ও কার্যার্থে-

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ২। বিভাগীয় প্রধান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৩। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৪। সংরক্ষণ নথি।

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা